

(চেক প্রদানক্ষম সরকারী সংস্থাসমূহ কর্তৃক বাজেট ব্যয় রোধ প্রসঙ্গে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ, শাখা-৩

নং : অম/অবি/বাঃ-৩/বিবিধ-১/৯৫/৫১১

তারিখ : ২৬/০২/১৯৯৫ ইং

বিষয় : চেক প্রদানক্ষম সরকারী সংস্থাসমূহ কর্তৃক বাজেট বহির্ভূত ব্যয় রোধ প্রসঙ্গে।

সাসপেন্স খাতের হিসাব পর্যালোচনায় দেখা যায় যে, বাজেট বহির্ভূত ব্যয় রোধের লক্ষ্যে এ যাবৎ জারীকৃত নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালিত হইতেছে না। এই সম্পর্কিত বিষয়াদি পর্যালোচনাক্রমে পরিস্থিতির অবনতি রোধকল্পে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/নিবাহী কর্মকর্তা/ডিভিশন/অফিস কর্তৃক যথাযথ অনুসরণের জন্য নিম্নলিখিত নির্দেশাবলী জারী করা হইলঃ

- (ক) অর্থ বিভাগের ১২-১২-১৯৯২ ইং তারিখের অম/অবি/বা-৩/বিবিধ-১/৯২/৭১৫ নং স্মারকে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং চেকের উল্টা পিঠে বাজেট বরাদ্দ সম্পর্কিত প্রত্যয়ন ছাড়া কোন চেক গ্রহণ করা যাইবে না।
- (খ) গণপূর্ত বিভাগসহ সকল প্রকৌশল বিভাগ যাহাতে নির্দিষ্ট অর্থ বৎসরের মধ্যে বরাদ্দকৃত অর্থ ব্যয় করিতে পারে সেইজন্য ৩০ এপ্রিলের মধ্যে সকল ডিপার্টমেন্ট তাহাদের কাজের জন্য গণপূর্ত বিভাগকে প্রয়োজনীয় অর্থ ন্যস্ত করিবে এবং উক্ত তারিখের পর গণপূর্ত বিভাগ অন্য ডিপার্টমেন্টের কাজের জন্য কোন অর্থ গ্রহণ করিবে না।
- (গ) সংশোধিত বাজেটে পূর্ত কাজের বরাদ্দ বৃদ্ধি করা হইবে না।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ অনতিবিলম্বে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

স্বা/-
মো: নুরুল্লাহী
যুগ্ম সচিব(বাজেট)